# ঘুষ বিরোধী এবং দুর্নীতি বিরোধী নীতি

## রবি আজিয়াটা পিএলসি

| | |
|---|---|
| সংস্করণ: | ৪.০ |
| কার্যকর হবে: | নভেম্বর ২০২৪ |
| নীতি নির্ধারক: | ঝুঁকি ও কমপ্লায়েন্স কর্মকর্তা |
| অনুমোদনকারী: | পরিচালনা পর্ষদ |

# সূচিপত্র


১. সংক্ষিপ্ত রূপ
২. সংজ্ঞা
৩. আমাদের বিশ্বাস এবং মূল্যবোধ
৪. ভূমিকা
৫. ব্যাপ্তি, উদ্দেশ্য এবং প্রযোজ্য ক্ষেত্র
৬. দায়িত্ব
৭. এবিএসি নীতির ক্ষেত্রে নন কমপ্লায়েন্স
৮. ঘুষ
৯. ঘুষ অথবা অনৈতিক সুবিধা কীভাবে নির্ধারণ হয়?
১০. উপহার, বিনোদন এবং কর্পোরেট হসপিটালিটি
১১. অনুদান এবং পৃষ্ঠপোষকতা
১২. কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা ("সি এস আর")
১৩. কাজ আদায়ের সুবিধার্থে আর্থিক লেনদেন
১৪. স্বার্থের সংঘাত
১৫. তৃতীয় পক্ষ বা ব্যবসায়িক অংশীদারদের সাথে কাজের পরিধি
১৬. সরকারি কর্মকর্তা এবং রাজনৈতিক ব্যক্তিদের সাথে কাজের পরিধি
১৭. রাজনৈতিক অনুদান
১৮. একীভূতকরণ, অধিগ্রহণ এবং বিনিয়োগ
১৯. স্বজনপ্রীতি পরিহার
২০. অর্থ পাচার/ সন্ত্রাসী কর্মকাণ্ডে অর্থায়ন প্রতিরোধে করণীয়
২১. লেনদেনের তথ্য সংরক্ষণ এবং নথিভুক্তকরণ
২২. স্পিক আপ চ্যানেল
২৩. প্রশিক্ষণ এবং যোগাযোগ
২৪. ঝুঁকি ও কমপ্লায়েন্স (আর এন্ড সি) বিভাগ
২৫. নীতির পর্যালোচনা এবং হালনাগাদকরণ




এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১. সংক্ষিপ্ত রূপ

| সংক্ষিপ্ত রূপ | বিস্তারিত |
|---|---|
| এ বি এ সি | ঘুষ ও দুর্নীতি বিরোধী |
| আর এ পিএলসি | রবি আজিয়াটা পিএলসি |
| এবিজি | আজিয়াটা গ্রুপ বারহাদ |
| এ এম এল/সি এফ টি | অর্থ পাচার এবং সন্ত্রাসী কর্মকান্ডে অর্থায়ন প্রতিরোধ |
| বি এ সি | বোর্ড অডিট কমিটি |
| বোর্ড | পরিচালনা পর্ষদ |
| বি আর সি সি | বোর্ড রিস্ক অ্যান্ড কমপ্লায়েন্স কমিটি |
| সিইও | প্রধান নির্বাহী কর্মকর্তা |
| সি এস আর | কর্পোরেট সামাজিক দায়িত্ব |
| ডি সি | শৃঙ্খলা/অপসারন কমিটি |
| জিসিইও | গ্রুপ প্রধান নির্বাহী কর্মকর্তা |
| জিসিএইচআরও | গ্রুপ প্রধান মানবসম্পদ কর্মকর্তা |
| জিসিআইএ | গ্রুপ প্রধান আভ্যন্তরীণ নিরীক্ষক |
| হেড অফ আর এন্ড সি | রিস্ক অ্যান্ড কমপ্লায়েন্স প্রধান |
| জি ডি এস | উপহার, অনুদান এবং পৃষ্ঠপোষক |
| জি ডি এস সি | উপহার, অনুদান এবং পৃষ্ঠপোষক কমিটি |
| এইচ ও ডি | বিভাগীয় প্রধান |
| এইচ আর | মানব সম্পদ |
| এল ও এ | কর্তৃপক্ষের সীমাবদ্ধতা |
| পি এন্ড পি | নীতি ও কর্মপদ্ধতি |
| পি ই পি এস | রাজনৈতিকভাবে পরিচিত ব্যক্তি(বর্গ) |
| আর এন্ড সি | রিস্ক অ্যান্ড কমপ্লায়েন্স |
| আর সি এম সি | রিস্ক অ্যান্ড কমপ্লায়েন্স ব্যবস্থাপনা কমিটি |
| আর আর সি সি | রবি রিস্ক অ্যান্ড কমপ্লায়েন্স কমিটি |
| এম সি | ব্যবস্থাপনা পরিষদ |
| ইউআই. ইপি | আপোষহীন সততা এবং অসাধারণ কর্মদক্ষতা |



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ২. সংজ্ঞা

"এ বি এ সি নীতি" বা "এই নীতি" এখানে ঘুষ বিরোধী এবং দুর্নীতি বিরোধী নীতি হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে। "এ বি এ সি প্রক্রিয়া" বলতে ঘুষ বিরোধী এবং দুর্নীতি বিরোধী প্রক্রিয়া বোঝায়।

"সহযোগী" এমন সত্তা হিসাবে সংজ্ঞায়িত করা হয় যেখানে রবি'র তাৎপর্যপূর্ণ প্রভাব রয়েছে কিন্তু নিয়ন্ত্রণ বা যৌথ নিয়ন্ত্রণ নেই, এ ক্ষেত্রে উক্ত প্রতিষ্ঠানে ভোট প্রদানের ক্ষমতাসহ কোম্পানির ২০% থেকে ৫০% মালিকানা থাকে,সাধারণত ২০% এবং ৫০% ভোটাধিকারের মধ্যে শেয়ার ধারন সহ। তাৎপর্যপূর্ণ প্রভাব হলো সেই ধরনের ক্ষমতা যেখানে সহযোগী প্রতিষ্ঠানের আর্থিক এবং পরিচালন সম্পর্কিত নীতিগত সিদ্ধা গ্রহণে অংশ নেওয়ার ক্ষমতা থাকে কিন্তু সেই নীতির ওপর নিয়ন্ত্রণ বা যৌথ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার সক্ষমতা থাকে না।

"আজিয়াটা গ্রুপ " বা "দ্যা গ্রুপ"-কে এজিবি হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে যার অধীনে রয়েছে একাধিক সহযোগী ও সহায়ক প্রতিষ্ঠান, যা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে এ জি বি এবং যৌথ মালিকানাধীন কোম্পানি হিসেবে প্রতিষ্ঠা করা হয়েছে।

"রবি গ্রুপ ইনস্ট্রুমেন্টস"-কে প্রযোজ্য নীতিমালা এবং কর্মপরিধির মাধ্যমে সংজ্ঞায়িত করা হয়েছে, যা শুধুমাত্র আচরণবিধি, রবি গ্রুপ নীতিমালা এবং কর্তৃপক্ষের সীমাবদ্ধতা ("এল ও এ ") এর মধ্যে সীমাবদ্ধ নয়।

"পরিচালনা পর্ষদ" কে একটি কোম্পানির কর্পোরেট নিয়ন্ত্রক সত্ত্বা হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

"পর্ষদ সদস্যগণ" কে মূল অংশীদারদের প্রতিনিধিত্ব করার জন্য একটি নির্বাচিত ব্যক্তিদের দল হিসাবে সংজ্ঞায়িত করা হয় যারা সংস্থার কার্যক্রম তত্ত্বাবধায়নের জন্য একটি কর্পোরেট পরিচালক সত্তা হিসাবে কাজ করবে।

"কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা কার্যক্রম" বা " সি এস আর কার্যক্রম", সমাজ এবং পারিপার্শ্বিক পরিবেশের স্থায়িত্ব নিশ্চিত করার জন্য একটি স্বেচ্ছাসেবামূলক, স্বনিয়ন্ত্রিত এবং নৈতিকতা-চালিত পদক্ষেপ হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

"অনুদান"-কে কোনো একটি দাতব্য সংস্থা বা সমিতিতে কোন প্রকার প্রণোদনা, সুবিধা বা বিনিময়ের আশা ছাড়া প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে নগদ বা অন্য কোন ধরনের অবদান হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

"এন্টারটেইনমেন্ট, কর্পোরেট আতিথেয়তা"-কে আর্থিক মূল্যমানের ভিত্তিতে সংজ্ঞায়িত করা হয়, যার মধ্যে আবাসন, ভ্রমণের টিকিট, ইভেন্ট টিকিট (যেমন, রবি কর্তৃক আয়োজিত অথবা পৃষ্ঠপোষকতায় অনুষ্ঠিত কনসার্টের টিকিট এন্টারপ্রাইজ/গ্রাহক/অংশীদারদের দেওয়া), ব্যবসায়িক সহযোগী তৈরী এবং/অথবা ব্যবসায়িক সুসম্পর্ক বজায় রাখতে/স্টেকহোল্ডারদের সাথে সম্পর্ক বজায় রাখতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রতিনিধি, এজেন্ট, তৃতীয় পক্ষ দ্বারা সরবরাহ করা বা হোস্ট করা খাবার ।

"কাজ আদায়ের সুবিধার্থে আর্থিক লেনদেন"-কে 'দ্রুত' বা 'মসৃণ' পরিশোধ (আর্থিক বা অ-আর্থিক) হিসাবে সংজ্ঞায়িত করা হয়, যা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে একটি প্রশাসনিক দায়িত্ব বা কার্য সম্পাদনকারী ব্যক্তির কাজের ক্ষেত্রে দ্রুত সাফল্য অর্জনের জন্য ব্যবহার হয়।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

"আত্মীয়" নিম্নলিখিত যে কোনো একটি হিসাবে সংজ্ঞায়িত করা হয়:-
ক) কর্মীদের স্বামী বা স্ত্রী
খ) কর্মীদের ভাই বা বোন
গ) কর্মীদের বাবা-মা এবং দাদা-দাদি
ঘ) কর্মীদের সন্তান এবং নাতি-নাতনি
ঙ) কর্মীদের ভাগ্নে বা ভাগ্নি
চ) কর্মীদের চাচা, খালা বা চাচাতো ভাই
ছ) কর্মীদের জামাই বা পুত্রবধূ
জ) কর্মীদের ভাই বা বোনের পত্নী
ঝ) কর্মীদের স্বামী বা স্ত্রীর পিতামাতা (শাশুড়ি বা শ্বশুর)
ল) কর্মীদের স্বামী বা স্ত্রীর ভাই বা বোন
ট) কর্মীদের স্বামী বা স্ত্রীর দাদা-দাদি
ষ) কর্মীদের স্বামী বা স্ত্রীর সন্তান বা নাতি-নাতনি

"উপহার" কে নগদ অর্থ বা ওই ধরনের মূল্য অন্তর্গত বিষয় হিসেবে সংজ্ঞায়িত করা হয়, যা কোনো তৃতীয় পক্ষকে উপহার হিসেবে প্রদান অথবা গ্রহণ করা হয়।

" জিডিএস নীতি"-কে উপহার, অনুদান এবং পৃষ্ঠপোষকতা সংক্রান্ত নীতি হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

" জি ডি এস পদ্ধতি" কে উপহার, অনুদান এবং পৃষ্ঠপোষকতা সংক্রান্ত পদ্ধতি হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

"অর্থ পাচার"-কে একটি প্রক্রিয়া হিসাবে সংজ্ঞায়িত করা হয় যেখানে অপরাধীরা তাদের অপরাধমূলক কার্যকলাপ থেকে আগত অর্থের প্রকৃত উৎস এবং মালিকানা লুকানোর অথবা গোপন করার চেষ্টা করে, যাতে করে অবৈধ আর্থিক লেনদেনের অপরাধের বিচার, শাস্তি এবংঅর্থ বাজেয়াপ্ত হওয়া এড়ানো যায়।

"স্বজনপ্রীতি"-কে প্রভাবিত করার কাজ হিসাবে সংজ্ঞায়িত করা হয় যেখানে একজন কর্মী তার আত্মীয়দের জন্য যোগ্যতা না থাকা সত্ত্বেও রবি গ্রুপে নিয়োগ প্রাপ্তির জন্য অনৈতিক সুবিধা চান।

"কর্মী" হিসেবে রবি গ্রুপে কর্মরত স্থায়ী-অস্থায়ী কর্মী, চুক্তিভিত্তিক কর্মী এবং প্রশিক্ষণার্থী বা শিক্ষানবীসসহ সকল স্তরের প্রধান, সিনিয়র ম্যানেজার, ম্যানেজার এবং ব্যক্তি হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে।

"রাজনৈতিক ব্যক্তি (পি ই পি)"-কে নিম্নরূপে সংজ্ঞায়িত করা হয়েছে:

(১) বৈদেশিক পিইপি - এমন ব্যক্তিগণ যাদের ওপর একটি বৈদেশিক রাষ্ট্র দ্বারা উল্লেখযোগ্য সরকারি কর্মকান্ডের দায়িত্ব অর্পণ করা হয়েছে। উদাহরণস্বরূপ, রাষ্ট্র বা সরকার প্রধান, উর্ধ্বতন রাজনীতিবিদ, উর্ধ্বতন সরকারী কর্মকর্তা, বিচার বিভাগীয় বা সামরিক কর্মকর্তা, রাষ্ট্রীয় মালিকানাধীন কর্পোরেশনের সিনিয়র নির্বাহী এবং গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলের নেতৃবৃন্দ।



**এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।**

(২) অভ্যন্তরীণ পিইপি - এমন ব্যক্তিগণ যাদের ওপর অভ্যন্তরীণ পর্যায়ে উল্লেখযোগ্য সরকারি কর্মকান্ডের দায়িত্ব অর্পিত। উদাহরণস্বরূপ, রাষ্ট্র বা সরকার প্রধান, উর্ধ্বতন রাজনীতিবিদ, উর্ধ্বতন সরকারী কর্মকর্তা, বিচার বিভাগীয় বা সামরিক কর্মকর্তা, রাষ্ট্রীয় মালিকানাধীন কর্পোরেশনের সিনিয়র নির্বাহী এবং গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলের নেতৃবৃন্দ। অথবা,

(৩) উর্ধ্বতন ব্যবস্থাপনা সদস্য হিসেবে এমন ব্যক্তিদের গণ্য করা হয় যারা একটি আন্তর্জাতিক সংস্থার মাধ্যমে গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনে নিয়োজিত থাকেন। উদাহরণস্বরূপ, পরিচালক, উপ-পরিচালক এবং পরিচালনা পর্ষদের সদস্য বা সমতুল্য পদে আছেন এমন ব্যক্তিগণ।

"সরকারি কর্মকর্তা" বলতে সংজ্ঞায়িত করা হয় এমন কোনো ব্যক্তিকে যিনি কোনো সরকারি সংস্থার পক্ষে দাপ্তরিক ক্ষমতায় কাজ করেন (যেমন, সরকারী বিভাগ বা সংস্থা বা সরকারের পক্ষে কাজ করেন)। বিদেশী রাষ্ট্র কর্তৃক নিযুক্ত সরকারি কর্মকর্তা, প্রশাসনের সদস্য, সংসদ সদস্য, রাষ্ট্রীয় আইনসভার সদস্য, হাইকোর্টের বিচারক, আপিল আদালত বা ফেডারেল আদালতের বিচারক এবং সরকারি তহবিল থেকে কোনো প্রকার পারিশ্রমিক গ্রহণকারী ব্যক্তিগণও একই মর্যাদার অধিকারী। এখানে সরকারি প্রতিষ্ঠান একটি কর্পোরেশন সত্ত্বা এর মতো কাজ করে যেখানে কাজ করা ব্যক্তিগণও একইভাবে কাজ করে থাকেন।

"পৃষ্ঠপোষকতা(সমূহ)"-কে একটি ব্র্যান্ডের প্রচার, প্রসার এবং খ্যাতি তৈরির উদ্দেশ্যে তৃতীয় কোনো ব্যক্তি, সত্ত্বা, সংস্থা বা সংগঠনে তহবিল প্রদান, পরিচর্যা বা প্রকল্প গ্রহণ, কর্মকান্ড পরিচালনায় আর্থিক বা অন্য উপায়ে সমর্থন প্রদান হিসাবে সংজ্ঞায়িত করা হয়।

"স্টেকহোল্ডার" বলতে অভ্যন্তরীণ এবং বাহিরের বিভিন্ন পক্ষকে সংজ্ঞায়িত করা হয় যারা আজিয়াটা গ্রুপের সাথে চুক্তিবদ্ধ- এর মধ্যে বোর্ড এবং সাব-বোর্ড কমিটির সকল সদস্য, কর্মী, তৃতীয় পক্ষ এবং রবি গ্রুপের জন্যে বা তার পক্ষে কাজ করা অন্যান্য অংশীদারগণ অন্তর্ভুক্ত রয়েছে।

"সাবসিডিয়ারি" বলতে এমন কোনো কোম্পানি বা সত্ত্বাকে সংজ্ঞায়িত করা হয় যেখানে রবি গ্রুপের, প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ৫০% এর বেশি অংশীদারিত্ব বা নিয়ন্ত্রণ রয়েছে।

"সন্ত্রাসবাদ অর্থায়ন" এমন একটি প্রক্রিয়া হিসাবে সংজ্ঞায়িত করা হয় যার মাধ্যমে সন্ত্রাসীরা সন্ত্রাসী কর্মকান্ড পরিচালনার উদ্দেশ্যে বিভিন্ন কার্যক্রমে অর্থায়ন করে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

"তৃতীয় পক্ষ" বা "তৃতীয় পক্ষসমূহ" বলতে রবি গ্রুপের সরবরাহকারী, ঠিকাদার, উপ-ঠিকাদার, প্রতিযোগী, রাষ্ট্রীয় মালিকানাধীন উদ্যোগ, নিয়ন্ত্রক, বিনিয়োগকারী, মিডিয়া, বিশ্লেষক, বিক্রেতা, এজেন্ট, মধ্যস্থতাকারী, পরামর্শদাতা, প্রতিনিধি, পরিবেশক, যৌথ মালিকানা অংশীদার, ব্যবসায়িক অংশীদার এবং অন্যান্য স্টেকহোল্ডার(রা), যারা রবি গ্রুপের জন্যে বা তার পক্ষে কাজ করে তাদেরকে বুঝানো হয়েছে।

"হুইসেল ব্লোয়িং বা স্পিক আপ চ্যানেল" কে সংজ্ঞায়িত করা হয় কথা বলার একটি বিশেষ মাধ্যম হিসাবে যা একটি স্বাধীন পরিষেবা প্রদানকারী দ্বারা প্রস্তুতকৃত এবং রক্ষণাবেক্ষণ/পরিচালিত, এটিকে যে কোনও পক্ষের অভিযোগ বা মতামত জানাতে রবি গ্রুপ তার আনুষ্ঠানিক যোগাযোগ মাধ্যম হিসাবে গ্রহণ করেছে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ৩. আমাদের বিশ্বাস এবং মূল্যবোধ

৩.১ এশিয়াকে এগিয়ে নিয়ে যেতে এবং সমৃদ্ধ আগামীর জন্য রবি গ্রুপ আজকের ডিজিটাল যোগাযোগ ব্যবস্থা তৈরি করেছে করছে।

৩.২ প্রত্যেক স্টেকহোল্ডার মালয়েশিয়া এবং অন্য সব দেশে যেখানে রবির কার্যক্রম পরিচালিত হয় সেখানের সকল প্রযোজ্য আইন ও বিধি-বিধানের সাথে সুষ্ঠু, নিরপেক্ষভাবে এবং সম্পূর্ণ সম্মতিতে রবি গ্রুপের ব্যবসা পরিচালনার প্রতিশ্রুতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। যদি এই নীতিটি কোনো আইন, সংবিধান বা প্রবিধানের প্রয়োজনীয়তার সাথে বিরোধিতা করে বা অসামঞ্জস্যপূর্ণ হয়, তাহলে উচ্চতর আইন প্রাধান্য পাবে।

৩.৩ আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে ইউ আই .ইপি-এর আমাদের মানগুলো আমাদের কার্যক্রমের মূল এবং ভিত্তি হিসাবে কাজ করবে যা আমাদের কর্মতৎপর, গুণমান এবং নির্ভরযোগ্য সেবা প্রদান করতে এবং ন্যায়পরায়ণতা, সততা এবং স্বচ্ছতার সাথে ব্যবসা পরিচালনা করতে সক্ষম করে:

আপসহীন সততা- সর্বদা সঠিক কাজ করা এবং প্রতিশ্রুতি পূরণ করা আমাদের স্টেকহোল্ডারদের আস্থা অর্জনের জন্য তৈরি করা হয়েছে। আমরা আইনসম্মত এবং নৈতিক আচরণের সর্বোচ্চ মান বজায় রাখা, আমাদের সকল লেনদেনে ন্যায্যতা এবং জবাবদিহিতায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

অসাধারণ কর্মক্ষমতা- সর্বোত্তম সফলতা অর্জনে আমাদের সর্বোচ্চ কর্মক্ষমতা দিয়ে কাজ করা। আমাদের সকল কর্মক্ষেত্রেনেতৃত্ব স্থাপনে আমরা দৃঢ়প্রতিজ্ঞ। যদিও আমরা পারফরম্যান্সের মান নিয়ে কঠোর, তবে আমাদের কর্মীদের প্রতি আমরা সহানুভূতিশীল, আমরা একে বলি "পারফর্মেন্স উইথ এ হার্ট”।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ৪. ভূমিকা

৪.১ রবি গ্রুপ ইউ আই .ইপি –এর বিশ্বাস এবং মূল মূল্যবোধ নিয়ে গর্ব করে এবং যে কোনো ধরনের ঘুষ ও দুর্নীতি এড়িয়ে ব্যবসা পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ

৪.২ গ্রুপটি ইউ আই .ইপি -এর মূল মানগুলো ঘুষ দেওয়া এবং প্রাপ্তি, বা এমন কোনও কাজ বা পরিস্থিতিতে অংশগ্রহণকে কঠোরভাবে নিষিদ্ধ করে যা প্রতিশ্রুতি, অফার, গ্রহণ, প্রাপ্তি বা উপহারের অনুরোধের মতো ঘুষের কারণ হতে পারে বা অনুভূত হতে পারে এবং আতিথেয়তা, মূল্যবান কোন উপহার, সুবিধা প্রদান, বা অনুপযুক্ত অর্থ প্রদান, কোন ব্যক্তি, সত্তা বা সংস্থার কাছ থেকে, একটি অনুপযুক্ত ব্যবসায়িক সুবিধা পেতে, ব্যাবহার করা হয়।

৪.৩ এই নীতি মেনে চলতে এবং ঘুষ ও দুর্নীতি প্রতিরোধে সকল স্টেকহোল্ডাররা প্রতিশ্রুতিবদ্ধ।

৪.৪ এল ও এ, জিডিএস, পিএন্ডপি এবং এবিএসি পদ্ধতিগুলো নিম্নে বিশদ বিবরণ এবং এই নীতি বাস্তবায়নে সহায়তা করার জন্য নির্দেশিকা।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ৫. সুযোগ, উদ্দেশ্য, এবং প্রযোজ্যতা

৫.১ এই নীতি রবি গ্রুপের (১) ইউ আই .ইপি এর মূল মান বজায় রাখার প্রতিশ্রুতি নির্ধারণ করে। (২) যেকোনো ধরনের ঘুষ ও দুর্নীতিকে পরিহার করে ব্যবসা পরিচালনা করা। (৩) এবিএসি সম্পর্কিত সকল প্রযোজ্য আইন ও প্রবিধানের সম্মতি নিশ্চিত করা। যদি এই নীতিটি কোনো আইন, সংবিধান বা প্রবিধানের প্রয়োজনীয়তার সাথে বিরোধিতা করে বা অসামঞ্জস্যপূর্ণ হয়, তাহলে উচ্চতর আইন প্রাধান্য পাবে।
৫.২ এই নীতির উদ্দেশ্যগুলো নিম্নে উল্লেখিত রয়েছেঃ

(১) রবি গ্রুপের ইউআই.ইপি –এর মূল মানগুলোকে শক্তিশালী করতে, রবি যেকোন প্রকারের ঘুষ এবং দুর্নীতিতে জিরো টলারেন্স এবং এবিএসির সকল প্রযোজ্য আইন মেনে চলতে প্রতিশ্রুতবদ্ধ।

(২) স্টেকহোল্ডারদের এবং তৃতীয় পক্ষকে অনুপযুক্ত, অনৈতিক, বা ঘুষের সাথে সম্পর্কিত হতে বা অনুভূত হতে পারে এবং দুর্নীতির মত পরিস্থিতিতে নির্দেশনা প্রদান করা।

(৩) স্টেকহোল্ডার এবং তৃতীয় পক্ষ কোন প্রকার বাঁধা ছাড়া তাদের উদ্বেগ প্রকাশ করার জন্য গোপনীয় চ্যানেলের তথ্য প্রদান করা।

৫.৩ এই নীতি যাদের জন্য প্রযোজ্য:

(১) সকল স্টেকহোল্ডার যার মধ্যে বোর্ডের সকল সদস্য (এক্সিকিউটিভ এবং নন-এক্সিকিউটিভ ডিরেক্টর) এবং এর সাব-বোর্ড কমিটি (বিএসি, বিআরসিসি ইত্যাদি); সিনিয়র লিডারশিপ দলের সদস্যরা (সিইও, সিএক্সও, এইচওডি, ইত্যাদি) এবং রবির অন্যান্য সকল কর্মী দল; এবং

(২) সকল তৃতীয় পক্ষ যারা রবি গ্রুপের সাথে ব্যবসা পরিচালনা করে।

জয়েন্ট-ভেঞ্চার কোম্পানি যেখানে রবি গ্রুপের নিয়ন্ত্রণকারী অংশীদারিত্ব বা কো-ভেঞ্চার নেই এবং সংশ্লিষ্ট কোম্পানিগুলকে এই নীতি বা অনুরূপ নীতি গ্রহণ করতে উৎসাহিত করা হয়।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ৬. দায়িত্ব

৬.১ এই নীতির সাথে সম্মতি নিশ্চিত করার জন্য নিয়ন্ত্রক দলের ভূমিকা এবং দায়িত্বগুলো নিম্নলিখিত করা হয়েছে। এই নীতির সাথে সম্মতি নিশ্চিত করার জায়গা।

পরিচালনা পর্ষদ

- যেকোনো সিদ্ধান্ত গ্রহণে ইউ আই .ইপি -এর আজিয়াটা মানকে গ্রহন করে, মেনে চলে এবং প্রক্রিয়া বজায় রাখা।
- ব্যবসা পরিচালনায় সংস্থাটি তার সর্বোচ্চ নৈতিক মান বজায় রাখে তা নিশ্চিত করা
- একটি ইতিবাচক, উন্মুক্ত, সৎ এবং স্বচ্ছ পরিবেশ তৈরি কয়া এবং যেখানে কর্মীরা এবং তৃতীয় পক্ষ স্বাচ্ছন্দ্যে উদ্বেগ প্রকাশ করতে এবং রিপোর্ট করতে উৎসাহিত করা।
- যারা প্রকৃত মতামত উত্থাপন করে বা প্রতিবেদন দেয় তাদের বিরুদ্ধে বৈষম্য বা প্রতিহিংসা সহ্য না করা বা অনুমতি না দেয়।
- এবিএসি কর্মসূচীর মাধ্যমৈ প্রতিষ্ঠানে ঘুষ ও দুর্নীতির ঝুঁকি রোধ করার জন্য একটি উপযুক্ত কার্য বা দয়িত্বে থাকা ব্যক্তি প্রতিষ্ঠা করা।

কর্মী

ক) রবি গ্রুপের জন্যে বা তার পক্ষে দায়িত্ব পালন এবং কাজ করার সময় এই নীতি পড়া, বোঝা এবং মেনে চলা।

খ) আইনের বাইরে কাজ না করার বা নীতি ও মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়ার নীতি গ্রহণ করা।

গ) এবিএসি সম্মতি স্বীকার করুন এবং এবিএসি সম্পর্কিত বিষয়ে নিয়মিত প্রশিক্ষণে যোগ দেওয়া।

ঘ) সন্দেহজনক বা প্রকৃত উদ্বেগ, আইনের লঙ্ঘন বা অ-সম্মতি সম্পর্কে কথা বলা।

তৃতীয় পক্ষ

ক) রবি গ্রুপের মতো একই মূল এবং নৈতিক মূল্যবোধগুলো বুঝুন এবং অনুসরন করা।

খ) রবি গ্রুপের জন্যে বা তার পক্ষে কাজ করার সময় রবি গ্রুপের মূল মানগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ এই নীতি অনুসরন করা।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ৭. এবিএসি নীতির অ-সম্মতি

৭.১ রবি গ্রুপের শৃংখলামূলক নীতিমালা অনুসারে এ বি এ সি নীতি মেনে চলতে কোন কর্মী ব্যর্থ হলে তাকে চাকরীচ্যুত করার পাশাপাশি তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

৭.২ কোন কর্মী এই নীতিতে অ-সম্মতি জানালে তা অবিলম্বে স্পিক আপ চ্যানেল **https://axiatagroup.integrityline.com** সহ যথাযথ রিপোর্টিং চ্যানেলগুলোর মাধ্যমে জানাতে হবে। সকল তদন্ত গোপনীয়ভাবে করা হবে, এবং স্পিক আপ চ্যানেলের মাধ্যমে দায়ের করা সকল অভিযোগ গ্রুপ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের গ্রুপ ইনভেস্টিগেশন ইউনিট (জিএইউ) দ্বারা স্বাধীনভাবে তদন্ত করা হবে।

৭.৩ এই নীতি এবং এবিএসির অন্যান্য আইন মেনে চলতে তৃতীয় পক্ষ ব্যর্থ হলে রবি গ্রুপের সাথে উল্লেখিত পক্ষের সকল সম্পর্কের অবসানের পাশাপাশি অন্যান্য ব্যবস্থা গ্রহন করা হবে।

৭.৪ যারা প্রতিবেদন দেয় এবং নিরপেক্ষ ভাবে মতামত প্রকাশ করে এবং যারা তদন্তে করেন বা অংশ নেন, তাদের প্রতিহিংসা থেকে রক্ষা করতে রবি গ্রুপ প্রতিশ্রুতিবদ্ধ।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ৮. ঘুষ ও দুর্নীতি

৮.১ ঘুষ হল একজন ব্যক্তির দায়িত্বের সাথে সম্পর্কিত একটি অনুপযুক্ত সুবিধা আদায়ের জন্য তার কাজ বা সিদ্ধান্তকে প্রভাবিত করার লক্ষে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যে কোনও মূল্যের (যা আর্থিক বা অ-আর্থিক হতে পারে) অযৌক্তিক সুবিধা বা সন্তুষ্টির কোনও কিছু দেওয়া / প্রস্তাব করা বা গ্রহণ করা বা স্বীকার করা বা কিছু দেয়া বা প্রস্তাব করা।

৮.২ দুর্নীতি হল প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নিজের, আত্মীয় বা সহযোগীদের লাভের জন্য অফিস বা পদ বা ক্ষমতার অপব্যবহার করে যেকোন ব্যক্তির কাছ থেকে মূল্য বা পরিতৃপ্তি (যেটি আর্থিক বা অ-আর্থিক হতে পারে) প্রস্তাব, প্রদান, গ্রহণ বা প্রতিশ্রুতির মাধ্যমে একজন ব্যক্তির ব্যবসা প্রাপ্তি বা ধরে রাখার জন্য বা একটি অনুপযুক্ত ব্যবসায়িক সুবিধা লাভের জন্য লেনদেন করা যা অবৈধ, অনৈতিক বা নৈতিক মানগুলির সাথে অসামঞ্জস্যপূর্ন।

৮.৩ গ্রুপ কঠোরভাবে ঘুষের আদান-প্রদান, অথবা ঘুষ আদান-প্রদান হতে পারে এমন পরিস্থিতিতে অংশগ্রহণ, ঘুষ অফার, গ্রহণ, উপহার এবং আতিথেয়তা প্রাপ্তি বা অনুরোধ, মূল্যবান কিছু, অনুপযুক্ত ব্যবসায়িক সুবিধা বা অনুকূল সুবিধা পেতে, কোন ব্যক্তি, সত্তা বা সংস্থাকেপ্র দান, বা অনুপযুক্ত অর্থ প্রদান নিষিদ্ধ করেছে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ৯. মূল্যবান কিছু বা পরিতৃপ্তি কি?

৯.১ পরিতৃপ্তি বা ঘুষ যে কোনো আকারে হতে পারে, আর্থিক বা অন্যথায়, কোন অযৌক্তিক ব্যবসা পেতে বা ধরে রাখতে বা ব্যক্তিগত সুবিধা অর্জনে ব্যাবহাহৃত কোন পন্থা।

ক) নগদ বা নগদ সমতুল্য, উদাহরণস্বরূপ, অর্থ, ঋণ, মূল্যবান জামানত (শেয়ার, বন্ড ইত্যাদি), রিবেট, কমিশন, ডিসকাউন্ট এবং গহনা।

খ) নিজের এবং/অথবা আত্মীয়দের  উপহার এবং আতিথেয়তা প্রদান যেমন পাঁচ তারকা হোটেলের ট্যুর প্যাকেজ এবং প্রথম-শ্রেণীর বিমান ভ্রমণ।

গ) রবি গ্রুপের নিয়মাবলী লঙ্ঘনের জন্য কোনো স্টেকহোল্ডারকে (প্রত্যক্ষ বা পরোক্ষভাবে) চুক্তি, চাকরি বা ব্যবসার সুযোগ প্রদানের প্রতিশ্রুতি; এবং

ঘ) যেকোনো স্টেকহোল্ডারকে যে কোনো প্রকৃতির বিনামূল্যের পরিষেবার প্রস্তাব।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১০. উপহার, বিনোদন ও কর্পোরেট আতিথেয়তা

১০.১. রবি গ্রুপ 'নো গিফট পলিসি' গ্রহণ করেছে যার ফলে কোন স্টেকহোল্ডার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উপহার গ্রহণ বা প্রদান করতে পারবেন না। তবে লেটার অব অথরাইজেশনের মাধ্যমে পূর্ববর্তী অনুমোদন সাপেক্ষে এবং মূল নীতির সাথে সামঞ্জস্য রেখে স্বল্প পরিসরে উপহার প্রদান করা যাবে।

১০.২ থার্ড পার্টি রবি গ্রুপের কর্মকর্তা বা তাদের আত্মীয়দের সদস্যদের কোন উপহার, বিনোদন ও কর্পোরেট আতিতেয়তা প্রদান করতে পারবে না যাতে রবির সাথে ব্যবসায়িক সম্পর্ক বা কোন ব্যবসায়িক সিদ্ধান্ত প্রভাবিত হয়।

১০.৩ রবি গ্রুপ এটা স্বীকার করে যে কোন কোন অনুষ্ঠানের ক্ষেত্রে মার্জিত উপহার, বিনোদন ও কর্পোরেট আতিথেয়তা ব্যবসায়িক সুসমনর্পর্কেও জন্যই প্রয়োজন। তবে সব স্টেকহোল্ডারকে কোন উপহার, অনুদান, বিনোদন ও কর্পোরেট আতিথেয়তা প্রদান বা গ্রহণের ক্ষেত্রে মূল নীতিগুলো অনুসরণ করতে হবে:

**মূল্য**: জিডিএস ট্রানজেকশন কখনো অতি দামী, অতিরিক্ত, মূল্যবোধহীন অথবা এলওএ'তে নির্দেশিত মানের চেয়ে বেশি হবে না (প্রকৃত বা ধারনাগত) । "নো গিফট" নীতির সাধারণ নিয়মের ব্যতিক্রমগুলওকে অবশ্যই সতর্কতার সাথে মূল্যায়ন করতে হবে এবং জিডিএস পদ্ধতি এবং রবি গ্রুপ ইনস্ট্রুমেন্টস অনুসারে অনুমোদিত হতে হবে।

**উদ্দেশ্য**- কোন বিশেষ দিবস অথবা অনুমোদিত মূল্যের মধ্যে থেকেও প্রদত্ত বা প্রাপ্ত উপহারের পিছে কোন সুবিধা, আর্থিক সুবিধা অথবা কোন সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে ভুলভাবে প্রভাবিত করার উদ্দেশ্য থাকতে পারবে না।

**সময়**- কোন ব্যসায়িক কার্যক্রম শুরু বা ধরে রাখার সিদ্ধান্তের নেওয়ার সময় মূল্যবান কোন উপহার গ্রহন অথবা প্রদান করা যাবে না, যার ফলে সিদ্ধান্তকে (প্রকৃত বা ধারনাগত) ভুলভাবে প্রভাবিত হবে বলে প্রকাশ পায়।

লেটার অব অথরাইজেশনের অনুযায়ী অনুমোদন নিতে হবে যে কোনো উপহার দেওয়ার এবং গ্রহণ করার আগে।

যে কোন বিনোদন এবং কর্পোরেট আতিথেয়তা দেওয়া এবং গৃহীত হতে হবে লেটার অব অথরাইজেশনের অনুযায়ী হবে।

বিস্তারিত জানতে লাইন ম্যানেজার বা রিস্ক অ্যান্ড ও কমপ্লায়েন্স বিভাগের সাথে যোগাযোগ করুন।

**স্বার্থের সংঘাত এড়িয়ে চলুন**- মূল্যবান কিছু দেওয়া বা গ্রহণ করা যাবে না যদি তার মাধ্যমে প্রকৃত বা ধারনাগত স্বার্থ/দ্বন্দ্বের সৃষ্টি করে এবং গ্রুপের পক্ষে বা বিপক্ষে নিরপেক্ষ সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে কর্মীদের বস্তুনিষ্ঠতার উপর বাধ্যবাধকতা বা প্রভাব তৈরি করে। সকল কর্মীদের তাদের নিজস্ব স্বার্থের জন্য তাদের কর্তৃত্ব প্রয়োগ করা থেকে বিরত থাকতে হবে।

**পুনারবৃত্তি**- কোনো প্রকৃত বা ধারনাগত স্বার্থের দ্বন্দ্ব ও অনুপযুক্ত প্রভাব এড়াতে কোন পক্ষকে দেওয়া বা প্রাপ্ত উপহার পুনরাবৃত্তিমূলক অথবা একই প্যাটার্নের হওয়া যাবে না।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১১. অনুদান এবং পৃষ্ঠপোষকতা

১১.১ যেসব দেশে আমাদের কার্যক্রম রয়েছে সেখানের ব্যবসায়িক পরিধি বাড়াতে এবং নতুন নতুন সুযোগ তৈরি করতে রবি গ্রুপ প্রায় বিভিন্ন অনুদান প্রদান এবং স্পনসরশিপে অংশগ্রহণ করে। এই ধরনের দান বা পৃষ্ঠপোষকতার মাধ্যমে আমাদের মূলধারণা, নীতি এবং প্রযোজ্য আইনের লঙ্ঘন করা যাবে না।

১১.২ অনুদান বা পৃষ্ঠপোষকতাগুলো কোনও অনুপযুক্ত সুবিধা সুরক্ষা করতে বা কোনও ব্যবসায়িক সম্পর্ক বজায় রাখার জন্য করা যাবে না ।

১১.৩ অনুদান বা পৃষ্ঠপোষকতারয় ক্ষেত্রে সঠিক সিধান্ত এবং যথাযথ  যাচাই করতে হবে এবং গ্রুপের জন্য লাভকনক এটি নিশ্চিত করতে হবে।

সকল পৃষ্ঠপোষকতা বা অনুদান প্রদানে রবি গ্রুপ অনুসারে স্বচ্ছতা বজায় রাখতে হবে।

অনুদান হল রবি গ্রুপ কর্তৃক দাতব্য হিসাবে কোন সুবিধা বা রিটার্ন ছাড়া (নগদ বা অন্য কোন ভাবে) অবদান রাখা।

পৃষ্ঠপোষকতা হল একটি অ্যাসোসিয়েশন, সংস্থা বা ইভেন্টকে ব্র্যান্ডিং প্রদর্শনের বিনিময়ে বা অন্যান্য সুবিধার জন্য দেওয়া আর্থিক সহায়তা, যেমন টিকিট/পাস, আতিথেয়তা ইত্যাদি



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১২. কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর)

১২.১ সমাজ ও আমাদের পরিবেশের টেকসইতা নিশ্চিত করতে ব্যবসায়িক কার্যক্রম রয়েছে এমন দেশগুলোতে রবি গ্রুপ সক্রিয়ভাবে বিভিন্ন ধরনের সিএসআর কার্যক্রম পরিচলনা করে থাকে।

১২.২ সিএসআর কার্যক্রমগুলো অবশ্যই সতর্কতার সাথে পরীক্ষা এবং বৈধতা, সত্যতার জন্য মূল্যায়ন করতে হবে, যাতে এর মাধ্যমে কোন ব্যবসায়িক ফলাফল অনুপযুক্তভাবে প্রভাবিত না হয়।

১২.৩ প্রস্তাবিত গ্রহিতা অবশ্যই একটি বৈধ প্রতিষ্ঠান হতে হবে। অতএব, প্রতিষ্ঠানটির সাথে কোন পাবলিক/সরকারি কর্মকর্তা সংস্থার সাথে সম্পৃক্ত কিনা তা নিশ্চিত করার জন্য যথাযথ যাচাই করা আবশ্যক। প্রতিষ্ঠান নির্বাচনে স্বচ্ছতা থাকতে হবে এবং যথাযথ নথী রাখতে হবে।

১২.৪ সিএসআর কার্যক্রম অবশ্যই রবি গ্রুপ ইনস্ট্রুমেন্টস অনুসারে অনুমোদিত এবং বাস্তবায়িত হতে হবে এবং সফলভাবে গ্রহিতার উদ্দেশ্য পূরণে কার্যক্রমগুলো কাঠামোবদ্ধ করতে হবে।

সমাজ এবং আমাদের পরিবেশের স্থায়িত্ব নিশ্চিত করতে সিএসআর একটি স্ব-নিয়ন্ত্রিত এবং নৈতিকতা বিষয়ক কার্যক্রম।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১৩. সুবিধা প্রদান

১৩.১ দৈনন্দিন দায়িত্বের ভিত্তিতে কর্মীরা ন্যায্য সুবিধা প্রাপ্ত হবেন যাতে প্রতিদিনের কার্যক্রম বাধাগ্রস্থ না হয়। প্রদত্ত অর্থগুলো সাধারণত ভিসা, পারমিট, লাইসেন্স এবং কাস্টম ক্লিয়ারেন্সের মতো বিষয়ে নিয়মিত প্রশাসনিক প্রক্রিয়াগুলকে ত্বরান্বিত করার জন্য অনানুষ্ঠানিকভাবে প্রদান করা হয়।

১৩.২ স্টেকহোল্ডারদের জন্য প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অফার, প্রতিশ্রুতি, অনুরোধ, বা গ্রহণ করা, গ্রহণ করতে সম্মত হওয়া, বা যেকোনও ধরনের সুবিধা প্রদান হিসাবে গণ্য হতে পারে এমন কিছু পাওয়ার চেষ্টা করা নিষিদ্ধ।

১৩.৩ জীবনের হুমকি, শারীরিক কোন ক্ষতির মত কিছু ব্যতিক্রমী পরিস্থিতিতে থাকতে পারে যেখানে স্টেকহোল্ডারদের চাপ বা বাধ্যতার কারনে সহজলভ্য অর্থ প্রদান করতে হতে পারে। এই ধরনের পরিস্থিতিতে অবিলম্বে মনোনীত আর অ্যান্ড সি অফিসারদের কাছে রিপোর্ট করতে হবে এবং কারণ সহ এই ধরনের ঘটনার উপযুক্ত নথি রেকর্ড করতে হবে। আর অ্যান্ড সি কর্মকর্তারা প্রয়োজন অনুযায়ী অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করবেন।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১৪. স্বার্থের দ্বন্দ্ব

১৪.১ সকল স্টেকহোল্ডারদের একটি চুক্তিভিত্তিক বাধ্যবাধকতা রয়েছে এবং রবি গ্রুপের সর্বোত্তম স্বার্থে নেওয়া তাদের গৃহীত সিদ্ধান্ত বা পদক্ষেপের জন্য তারা দায়বদ্ধ।

১৪.২ পেশাদার এবং নিরপেক্ষ ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে সততা বজায় রাখতে এবং আস্থা স্থাপনের জন্য সকল স্টেকহোল্ডারদের স্বার্থের দ্বন্দ্বের পরিস্থিতি (প্রকৃত বা ধারনাগত) এড়িয়ে চলতে হবে।

১৪.৩ যখন নির্দিষ্ট ব্যক্তি ব্যক্তিগত স্বার্থের কারণে সেবা প্রদানের ক্ষেত্রে কোন সীমাবদ্ধতা অনুভব করেন তখন কর্মক্ষেত্রে 'স্বার্থের সংঘাত' দেখা দেয়।

রবি গ্রুপের সর্বোত্তম স্বার্থ রক্ষায় নিরপেক্ষ সিধান্তের মাধ্যমে প্রকৃত বা সম্ভাব্য স্বার্থের সংঘাতকে স্বীকৃতি দিতে হবে

১৪.৩ স্বার্থের দ্বন্দ্ব দেখা দেয় যখন একজন ব্যক্তির, বস্তুনিষ্ঠতা বা মতামতকে আপোস করা হয়, এবং রবিতে তার পেশাগত দায়িত্ব এবং তার ব্যক্তিগত স্বার্থের মধ্যে একটি দ্বন্দ্ব রয়েছে।

১৪.৪ যদি কোনো স্বার্থের সংঘাত চিহ্নিত করা হয়, এমনকি যদি তা অনুভূত বা সম্ভাব্য হয়, স্টেকহোল্ডারকে অবশ্যই অবিলম্বে রবি গ্রুপ ইনস্ট্রুমেন্টে উল্লেখিত পরিস্থিতি(গুলো) ঘোষণা করতে হবে এবং রিপোর্ট করতে হবে। স্টেকহোল্ডার অবিলম্বে সেই কর্মীকে সেই পরিস্থিতি থেকে সরিয়ে নিতে ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪.৫ কোনো তৃতীয় পক্ষের স্বার্থের দ্বন্দ্বের ক্ষেত্রে, তাদের অবশ্যই সরবরাহকারীর আচরণবিধি অনুসারে রবি গ্রুপ হেড অফ প্রকিউরমেন্টের কাছে রিপোর্ট করতে হবে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১৫. তৃতীয় পক্ষের সাথে সম্পর্ক

১৫.১ রবি গ্রুপের বাণিজ্যিক সাফল্য তৈরি হয়েছে রবির নৈতিক মূল্যবোধ এবং বিশ্বাসের সাথে একত্বটা রাখা আমাদের ব্যবসায়িক অংশীদারদের সঠিকভাবে যানা। রবি গ্রুপ বিশ্বাস এবং একটি গঠনমূলক ব্যবসায়িক সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে তৃতীয় পক্ষ, কোনো ব্যক্তি বা রবি গ্রুপের পক্ষে কাজ করে এমন সংস্থার সাথে চুক্তিতে প্রবেশ করে।

১৫.২ সকল তৃতীয় পক্ষের করনীয়:

১. এই নীতি মেনে চলা

২. রবি গ্রুপের সাথে যেকোনো ব্যবসায়িক কার্যক্রম শুরু করার আগে সরবরাহকারীর আচরণবিধি, সরবরাহকারীর ঘোষণাপত্র এবং/অথবা রবি দ্বারা নির্ধারিত অন্য কোনো নথি সম্পাদন করা।

৩. রবি গ্রুপ দ্বারা নির্ধারিত যেকোন যথাযথ কার্যক্রমে অংশগ্রহণ করা

৪. সব সময় সকল সব প্রযোজ্য আইন ও প্রবিধানের (ঘুষ-বিরোধী এবং দুর্নীতিবিরোধী আইন সহ) সাথে সম্মতি পেশন নিশ্চিত করুন

৫. নিযুক্ত যে কোন সাব-কন্ট্রাক্টর এবং অন্যান্যদের এই নীতি সম্পর্কে সচেতন করা, ঘুষ ও দুর্নীতির প্রতি রবির জিরো টলারেন্স এবং এর ‘‘নো গিফট’’ নীতি; এবং

৬. রবি গ্রুপের জন্য এবং এর পক্ষে যেকোন ব্যবসায়িক কার্যক্রম সর্বদা পেশাদার এবং নৈতিকভাবে পরিচালনা করা

১৫.৩ তৃতীয় পক্ষের সাথে ব্যবসায়িক সম্পর্কের আরও নির্দেশনার জন্য, সকল কর্মীদের এবিএসি পদ্ধতিগুলো সম্পর্কে অবহিত হতে হবে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১৬. পাবলিক/সরকারি কর্মকর্তা এবং রাজনৈতিক কার্যক্রমের সাথে যুক্ত ব্যক্তিদের সাথে যোগাযোগ স্থাপন

১৬.১ রবি গ্রুপের ইন্ডাস্ট্রিতে তাদের কার্যক্রম পরিচলনা করতে প্রতিনিয়ত পাবলিক/সরকারি কর্মকর্তাদের (নিয়ন্ত্রক সহ) এবং পিইপি এর সাথে যোগাযোগ পরিচলনা করতে হয় যারা তাদের অবস্থান থেকে (বাস্তব বা অনুভূত) যেকোন সিদ্ধান্ত নেওয়া বা তা প্রভাবিত করতে সক্ষম যা রবি গ্রুপের ব্যবসা এবং কার্যক্রমের উপর প্রভাব ফেলে।

১৬.২ রবি গ্রুপ কখনোই কোনো পাবলিক/সরকারি কর্মকর্তা এবং পিইপিকে ব্যবসায়িক সুবিধা পেতে বা ধরে রাখার জন্য অন্যায়তভাবে প্রভাবিত করবে না এবং ন্যায্য ও স্বচ্ছভাবে লেনদেনের জন্য প্রতিশ্রুতিবদ্ধ থেকে প্রচেষ্টা চালাবে। নিয়ন্ত্রক, পাবলিক/সরকারি কর্মকর্তা এবং পিইপি-এর সাথে সকল লেনদেন এবং যোগাযোগের ক্ষেত্রে উচ্চ মাত্রার সতর্কতা মেনে চলতে হবে।

১৬.৩ পাবলিক/সরকারি কর্মকর্তা এবং পিইপিদের সাথে যোগাযোগের সময় সকল কর্মীদের এবিএসি পদ্ধতি, জিডিএস পি&পি এবং প্রযোজ্য আইনের পাশাপাশি তাদের সাথে যোগাযোগের ক্ষেত্রে সকল নিয়ম ও প্রবিধান মেনে চলতে হবে।

পাবলিক/সরকারি কর্মকর্তা এবং পিইপি-এর সাথে যোগাযোগের সময় যে বিষয়গুলো মনে রাখতে হবে৷

১৬.৬ সকল স্টেকহোল্ডারকে পাবলিক/সরকারি আধিকারিক এবং পিইপি-এর সাথে ঘুষ এবং দুর্নীতির যেকোনো কাজে জড়িত থাকতে কঠোরভাবে নিষিদ্ধ করা হয়েছে।

১৬.৭ রবি গ্রুপের জন্য বা তার পক্ষে পাবলিক/সরকারি কর্মকর্তাদের (দেশী এবং বিদেশী) এবং পিইপি -এর সাথে যোগাযোগ করার জন্য সকল স্টেকহোল্ডাররা নীচে ব্যাখ্যা করা ‘‘প্লড’’ নীতিগুলি যথাযথভাবে পালন করতে হবে :

উপলব্ধি - পাবলিক/সরকারি কর্মকর্তা বা পিইপি -এর সাথে আমাদের সকল যোগাযোগ অবশ্যই পেশাদারিত্বতে সাথে পরিচালিত করতে হবে এবং রবি গ্রুপের মূল্যবোধ এবং আচরণবিধির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

বৈধতা- পাবলিক/সরকারি কর্মকর্তা বা পিইপি -এর সাথে আমাদের সকল যোগাযোগ সবসময় রবি গ্রুপের কর্পোরেট উদ্দেশ্যগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ হবে।

বস্তুনিষ্ঠতা- পাবলিক/সরকারি কর্মকর্তা বা পিইপি -এর সাথে আমাদের সকল যোগাযোগ আমাদের কর্পোরেট মূল্যবোধ এবং বাণিজ্যিক সম্পর্কের উন্নতির জন্য উদ্দেশ্যমূলকভাবে পরিচালিত হবে।

ঘোষণা- পাবলিক/সরকারি কর্মকর্তা বা পিইপি -এর জন্য যেকোন উপহার, বিনোদন এবং কর্পোরেট আতিথেয়তার জন্য একজন কর্মীকে ভাইটাল সিস্টেমের মাধ্যমে জানাতে হবে এবং এলওএ অনুযায়ী অনুমোদন নিতে হবে।

১৬.৮ পাবলিক/সরকারি কর্মকর্তা বা পিইপি -এর সাথে পেশাদার কাজের সম্পর্ক বজায় রাখার সময়, স্টেকহোল্ডারা সকল লেনদেনে যথাযথ যত্ন এবং সতর্কতা বজায় রাখবেন।

১৬.৯ স্টেকহোল্ডারা পাবলিক/সরকারি কর্মকর্তা বা পিইপি বা তাদের কোনো আত্মীয় বা সহযোগীদের সাথে যোগাযোগ করার সময়, গ্রুপ এবং/অথবা স্টেকহোল্ডারদের পক্ষে বা সুবিধার জন্য ব্যক্তিগত তহবিল ব্যবহার/গ্রহণ করবেন না।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১৭. রাজনৈতিক কার্যক্রম

১৭.১ রবি গ্রুপ সকল ধরনের রাজনৈতিক কার্যক্রম নিষিদ্ধ করেছে। স্টেকহোল্ডারা অবশ্যই রবি গ্রুপের তহবিল এবং সংস্থার যেকোন সম্পদ রাজনৈতিক প্রচারণা, রাজনৈতিক দল, রাজনৈতিক প্রার্থী বা তাদের নিজ নিজ অফিস/কর্মকর্তা বা স্টেকহোল্ডার অনুমোদিত সংস্থাগুলোতে অবদান বা অনুদান দেওয়ার জন্য ব্যবহার করবেন না।

১৭.২ স্টেকহোল্ডারা নিম্নরূপ কার্যক্রম থেকে বিরত থেকবেনঃ

ক. কোনো ব্যক্তিকে প্রভাবিত করতে এবং কোনো রাজনৈতিক অবদান বা কোনো দেশে রাজনীতিবিদ বা তাদের দলকে সমর্থন করার জন্য তাদের অবস্থান ব্যবহার করা।

খ. যে কোনো দেশের রাজনৈতিক প্রচারণা, দল বা রাজনীতিবিদদের উপকারে রবি গ্রুপের সম্পদ ব্যবহার করে কোনো অবদান রাখা বা কোনো খরচ করা।

গ. রবি গ্রুপের কর্মী, সম্পদ, সুযোগ-সুবিধা, এবং সরঞ্জাম ব্যবহার করে কোনো সরকারি দলের প্রার্থী বা রাজনৈতিক প্রচারণায় সমর্থন করা; এবং

ঘ. কোনো সরকারি/সরকারি কর্মকর্তার পছন্দের দাতব্য প্রতিষ্ঠানে অবদান রাখা বা দান করা।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১৮. একীভূতকরণ, অধিগ্রহণ এবং বিনিয়োগ

১৮.১ রবি গ্রুপ নতুন ব্যবসা, ভৌগলিক এলাকা এবং দেসে তাদের পরিধি প্রসারিত করতে বিনিয়োগ, অধিগ্রহণ, একীভূত করে বা অন্য ধরনের বিনিয়োগ করে।

১৮.২ রবি গ্রুপের পরিধি সম্প্রসারণের জন্য বিনিয়োগের ফলে গ্রুপটিতে জালিয়াতি, ঘুষ এবং দুর্নীতির ইত্যাদির ঝুঁকি বৃদ্ধি পায়। তাই , বা সংশ্লিষ্ট ঝুঁকিগুলি কমিয়ে আনতে যথাযথ নিয়ম ও সুরক্ষা ব্যবস্থা প্রয়োগ করতে হবে।

১৮.৩  ঝুঁকি বিবেচনায় নিয়ে সকল ধরণের বিনিয়োগে ব্যাপ্তি ও সমন্বয়ের ভিত্তিতে সঠিকভাবে এবিএসি প্রয়োগ করতে হবে। অধিগ্রহণ ও বিনিয়োগের আগে এবং যেক্ষেত্রে প্রয়োজন সেক্ষেত্রে এ প্রক্রিয়া কার্যকর হবে।

১৮.৪ রবি গ্রুপ বা এর সংশ্লিষ্ট সাবসিডিয়ারিদের বোর্ড এবং প্রাসঙ্গিক কমিটিগুলো একীভূতকরণ, অধিগ্রহণ বা বিনিয়োগের লক্ষ্যে নির্ধারিত কোম্পানিগুলোর সাথে সম্পর্কিত ঘুষ এবং দুর্নীতির ঝুঁকি সম্পর্কে পূর্ণ ধারণা গড়ে তোলার চেষ্টা করবেন।

১৮.৫ একীভূতকরণ, অধিগ্রহণ বা বিনিয়োগ পরিচালনাকারী ওয়ার্কিং কমিটি নিশ্চিত করবে যে লক্ষ্যমাত্রা (অর্থাৎ, একীভূতকরণ, অধিগ্রহণ বা বিনিয়োগের জন্য একটি কোম্পানি) রবি গ্রুপ ইনস্ট্রুমেন্টের সমতুল্য রয়েছে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ১৯. স্বজনপ্রীতি পরিহার

১৯.১ রবি গ্রুপ তার নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা এবং ন্যায্য পদ্ধতি মেনে চলে। গ্রুপের জন্য কাজ করতে আত্মীয়দের একাধিক সদস্যকে নিরুৎসাহিত করে না। তবে গ্রুপটি স্বজনপ্রীতিকে কঠোরভাবে নিরুৎসাহিত করে এবং একজন কর্মী অন্য কর্মীদের কাছে রিপোর্ট করে বা পারিবারিক সম্পর্ক, অন্তরঙ্গ সম্পর্ক এবং এই জাতীয় অনুরূপ সম্পর্কের ফলে সম্ভাব্য, বাস্তব বা অনুভূত স্বার্থের দ্বন্দ্ব কমাতে প্রতিশ্রুতিবদ্ধ।

১৯.২ কর্মীদের সম্পর্কের কারনে কাজে নৈতিকতায় প্রভাব পড়লে রবি গ্রুপের যেকোন প্রাসঙ্গিক পদক্ষেপ নেওয়ার অধিকার রয়েছে।

১৯.৩ সরকারি কর্মকর্তা, তৃতীয় পক্ষ বা গ্রাহকদের কাছ থেকে প্রাপ্ত চাকরির জন্য যে কোনো অনুরোধ/রেফারেন্স নিয়মিত নিয়োগ প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে এবং আলাদাভাবে চিহ্নিত করা হবে (নিযুক্ত বা প্রত্যাখ্যান নির্বিশেষে)। এই ধরনের প্রস্তাব গ্রহন কঠোরভাবে নিষিদ্ধ।

১৯.৪ কোনো বিভাগ যদি কোনো পাবলিক/সরকারি কর্মকর্তা বা গ্রাহকের কোনো আত্মীয়কে নিয়োগ দিতে চায়, তাহলে তাদের জিসিআরসিওকে অবহিত করতে হবে এবং নিয়োগের আগে আবেদনকারী ব্যক্তির সম্পর্কে যথাযথ তথ্য সংগ্রহ করতে হবে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ২০. অর্থ পাচার/ সন্ত্রাসবাদে অর্থায়ন

২০.১ যে সকল দেশে রবি গ্রুপের কার্যক্রম পরিচালনা করে তাদের প্রযোজ্য আইন ও প্রবিধানের অধীনে রবি গ্রুপ অর্থ পাচার এবং সন্ত্রাসবাদের অর্থায়ন কঠোরভাবে নিষিদ্ধ করেছে।

২০.২ রবির ব্যবসা  অর্থ পাচার /সন্ত্রাসবাদের তহবিল কার্যক্রমের জন্য ব্যবহার করা হতে পারে এমন ঝুঁকি সম্পর্কে সকল কর্মীকে সচেতন হতে হবে এবং রবি গ্রুপের নীতির সাথে নিজেদের পরিচিত করতে হবে।

২০.৩ কোনো সন্দেহজনক লেনদেন বা অর্থ পাচার/সন্ত্রাসবাদে অর্থায়নের সম্ভাব্য ঘটনা লক্ষ্য করলে, কর্মীরা অবিলম্বে তাদের লাইন ম্যানেজার বা আইনি/আরএন্ডসি বিভাগকে অবহিত করবে।

২০.৪ বাংলাদেশ বা রবি গ্রুপের কার্যক্রম পরিচালিত হয় এমন যে দেশে অর্থ পাচার /সন্ত্রাসবাদে অর্থায়ন আইনের সাথে কোনো অসম্মতি দেখা গেলে তা ,কঠোরভাবে তদন্ত করা হবে। রবি গ্রুপ ইনস্ট্রুমেন্টের প্রতি প্রতিশ্রুতিবদ্ধতা নিশ্চিত করতে তদন্তের ফলাফলের ভিত্তিতে যথাযথ এবং তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ২১. নথি ভুক্তি এবং সংরক্ষণ

২১.১ রবি গ্রুপ সঠিক এবং বিস্তারিত বই এবং রেকর্ড বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ যা সর্বদা গ্রুপের সকল লেনদেনকে প্রতিফলিত করে। সকল লেনদেন একটি স্বচ্ছ পদ্ধতিতে হিসাব করা হবে এবং স্থানীয় ও বৈদেশিক সকল লেনদেন, অর্থপ্রদান এবং ব্যয়ের ব্যবসায়ের যুক্তি, উদ্দেশ্য, সম্পতি এবং বৈধতা সঠিকভাবে প্রতিফলিত এবং প্রকাশ করবে।

২১.১ রবি গ্রুপ যা যা করবে না

ক. কোনো তথ্য গোপন, পরিবর্তন বা বাদ দেওয়া এবং কোনো রেকর্ডের তথ্য ভুলভাবে উপস্থাপন করা।

খ. গ্রুপের রেকর্ডের নির্ভুলতা এবং অখণ্ডতার সাথে আপস করার জন্য অন্য সবাইকে উৎসাহিত করা।

গ. কাউকে প্রতারণা করার জন্য যে কোনও পরিকল্পনায় জড়িত হওয়া।

২১.২ সংশ্লিষ্ট আইনগত, কর সংক্রান্ত ও নিয়ন্ত্রক কর্তৃপক্ষ বিষয়ক তথ্যগুলো যেন তথ্য ব্যবস্থাপনা ও রিটেনশন পলিসিতে অন্তর্ভূক্ত থাকে তা নিশ্চিত করতে হবে। যে রেকর্ডগুলর আর প্রয়োজন নেই বা সংরক্ষণের সময়সীমা অতিক্রম করেছে সেগুলো নিরাপদে নিষ্পত্তি করা হয়।

২১.৩ সকল কর্মী মামলার উদ্দেশ্যে প্রাসঙ্গিক হতে পারে বা আইনি নিষেধাজ্ঞা বা শর্তের অধীন হতে পারে এমন তথ্য সংরক্ষণ করবে সংশ্লিষ্ট বিভাগ দ্বারা অন্যথা করার জন্য লিখিতভাবে অনুমোদন না দেওয়া পর্যন্ত।

রবি গ্রুপ একটি গ্লোবাল স্পিকআপ চ্যানেল এবং ওয়েবসাইটে তৈরি করেছে https://axiatagroup.integrityline.com/। এই রিপোর্টিং চ্যানেল সপ্তাহে সাত দিন সর্বক্ষণ ব্যাবহার করা যাবে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ২২. স্পিকআপ চ্যানেল

২২.১ রবি গ্রুপ আমাদের সকল আচরণ ও লেনদেনে সততা, ন্যায্যতা এবং জবাবদিহিতা প্রদর্শনের মাধ্যমে আইনানুগ ও নৈতিক আচরণের সর্বোচ্চ মান বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

২২.২ প্রকৃত বা সন্দেহজনক অসদাচরণ, অবৈধ বা অনৈতিক আচরণ সহ স্টেকহোল্ডার এবং তৃতীয় পক্ষকে তাদের উদ্বেগ প্রকাশ করতে উৎসাহিত করতে, রবি গ্রুপ একটি গ্রুপ স্পিক আপ চ্যানেল প্রতিষ্ঠা করেছে https://axiatagroup.integrityline.com.

২২.৩ এই রিপোর্টিং চ্যানেল সপ্তাহে সাত দিন সর্বক্ষণ ব্যাবহার করা যাবে। এছাড়াও, আজিয়াটা গ্রুপের মধ্যে স্থানীয় ভাষায় রিপোর্ট করা উদ্বেগগুলো জমা দেওয়া যাবে।

২২.৪ একজন ব্যক্তি তাদের পরিচয় গোপন করে পারবেন এবং তদন্তের সকল পর্যায়ে এই হুইসেলব্লোয়িং/স্পিকিং আপ নীতি এবং পদ্ধতি অনুসারে তার পরিচয় সুরক্ষিত থাকবে।

২২.৫ অভিযোগকারীর সুনির্দিষ্ট অভিযোগ দাখিল করতে হবে এবং উদ্দেশ্য প্রণীত বা ব্যক্তি স্বার্থ লাভের উদ্দেশে অভিযোগ করা থেকে বিরত থাকতে হবে। নিছক গুজব বা অসত্য তথ্য হুইসেলব্লোয়িং/স্পিকিং আপের উদ্দেশ্য হতে পারে না।

২২.৬ স্পিক আপ চ্যানেল সম্পর্কে আরও তথ্যের জন্য, আজিয়াটা গ্রুপে হুইসেলব্লোয়িং/স্পিকিং আপ পলিসি এবং পদ্ধতি দেখুন।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ২৩. প্রশিক্ষণ এবং যোগাযোগ

২৩.১ রবির কর্মীদের প্রয়োজনীয় দক্ষতা এবং সক্ষমতা, বাড়াতে প্রশিক্ষণ খুবই গুরুত্বপূর্ণ। এই বিষয়ে, রবি গ্রুপ কর্মীদের তাদের ভূমিকা, ঝুঁকি এবং ব্যবসায়িক পরিস্থিতির জন্য উপযুক্ত করতে প্রয়োজনীয় এবিএসি সচেতনতা এবং প্রশিক্ষণ প্রদান করবে।

২৩.২ রবি গ্রুপ কর্তৃক আয়োজিত এবিএসি প্রশিক্ষণ কর্মসূচী সকল কর্মীদের নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে হবে। এই ধরনের প্রশিক্ষণ প্রোগ্রামগুলো সম্পূর্ণ করার জন্য রিস্ক অ্যান্ড কমপ্লায়েন্স বিভাগ দ্বারা পর্যবেক্ষণ করা হবে।

২৩.৩ উপযুক্ত যোগাযোগের মাধ্যমে ব্যবসায়িক সম্পর্কের শুরুতে এই নীতিগুলো অনুসরণের প্রয়োজনীয়তা রবি গ্রুপ স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগের মাধ্যমে তুলে ধরবে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ২৪. রিস্ক অ্যান্ড কমপ্লায়েন্স (আর অ্যান্ড সি) ডিভিশন

২৪.১ রবি গ্রুপের এবিএসি প্রোগ্রামের ডিজাইন বাস্তবায়ন, পর্যবেক্ষণ ও ব্যবস্থাপনা তদারকি করার জন্য রবি গ্রুপের একটি নিবেদিত আর অ্যান্ড সি বিভাগ রয়েছে।

২৪.২ আর অ্যান্ড সি বিভাগ হেডঅফআরএন্ডসি দ্বারা পরিচালিত হয় এবং ঘুষ ও দুর্নীতির বিরুদ্ধে কার্যকরভাবে কাজ করার জন্য বিভাগটি নীচে বর্ণিত কাজগুলো সম্পাদন করবেঃ

ক. এবিএসি বিষয়ে কর্মীদের পরামর্শ এবং নির্দেশনা প্রদান করা।

খ. এবিএসির পর্যাপ্ত পর্যবেক্ষণ, পরিমাপ, বিশ্লেষণ এবং মূল্যায়ন নিশ্চিত করার জন্য যথাযথ পদক্ষেপ নেওয়া।

গ. নিয়মিতভাবে আরসিএমসি এবং বিআরসিসিকে এবিএসির কর্মক্ষমতা এবং পর্যবেক্ষণের বিষয়ে রিপোর্ট করা।

ঘ. এবিএসির প্রোগ্রামের কার্যকর কার্যক্রমের জন্য উপযুক্ত সম্পদ সরবরাহ করা, এবং আর অ্যান্ড সি এমন ব্যক্তি নিয়োগ করা হবে যাদের উপযুক্ত যোগ্যতা, মর্যাদা, কর্তৃত্ব এবং স্বাধীনতা রয়েছে।

ঙ. সকল প্রযোজ্য আইন ও বিধি মোতাবেক রবি গ্রুপে পর্যাপ্ত পদ্ধতি বাস্তবায়ন ও শক্তিশালী করা।

চ. বিআরসিসি এবং বোর্ডের কাছে রবি গ্রুপের দুর্নীতি ঝুঁকি নিবন্ধন স্থাপন, পর্যবেক্ষণ এবং প্রতিবেদন করা।

২৪.৩ রবি গ্রুপ নিশ্চিত করবে যে তার দুর্নীতির ঝুঁকি গ্রুপের বার্ষিক ঝুঁকি মূল্যায়নে অন্তর্ভুক্ত রয়েছে।



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।

## ২৫. নীতি পর্যালোচনা এবং আপডেট

২৫.১ এই নীতি আর অ্যান্ড সি বিভাগ দ্বারা প্রতি দুই (২) বছরে অন্তত একবার পর্যবেক্ষণ ও পর্যালোচনা করা হবে। প্রয়োজনীয় আপডেট এবং পরিবর্তনগুলো হেডঅফআরএন্ডসি দ্বারা বিআরসিসির কাছে সুপারিশ করা হবে যা ধারাবাহিকভাবে বোর্ডের কাছে অনুমোদনের জন্য সুপারিশ করবে। সকল স্টেকহোল্ডারদের এই নীতিতে করা যেকোনো সংশোধন সম্পর্কে অবহিত করা হবে।

২৫.২ রবি গ্রুপ সময়ে সময়ে এবিএচি নীতির শর্তাবলী পরিবর্তন এবং/অথবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করে।

নথির সমাপ্তি



এই নথি এবং এর বিষয়বস্তু রবি আজিয়াটা পিএলসিএর সম্পত্তি। এই নথি এবং সংযুক্তিগুলির কোন প্রচার, বিতরণ বা অনুলিপি কঠোরভাবে নিষিদ্ধ।